দৈনিক বাংলা

তারিখ 14 AUG 1997
পৃষ্ঠা ৪ কলাম ৫

০৬

# ঢাকায় জাতীয় শিক্ষা সপ্তাহ উদ্বোধন

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেছেন, একটি জাতি বিধ্বংসী চক্র খুব চতুরতার সঙ্গে শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে অচল করে দিয়ে দেশের ভবিষ্যতকে অন্ধকারে ঠেলে দিতে চাচ্ছে।

মন্ত্রী বুধবার ঢাকায় ১৯৯৭ সালের জাতীয় শিক্ষা সপ্তাহের উদ্বোধন করছিলেন। ঢাকা বিভাগ ও ঢাকা মহানগরী যৌথভাবে এ উপলক্ষে 'বিজ্ঞান ও কারিগরি শিক্ষার উন্নয়ন' শীর্ষক আলোচনা সভার আয়োজন করেছিল। খবর তথ্য বিবরণীর।

ঢাকা বিভাগীয় কমিশনার আহমদ মাহমুদুর রাজা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ডঃ হামিদা বানু। আলোচনা করেন প্রফেসর এম এ হান্নান এবং আহসানিয়া মিশনের নির্বাহী পরিচালক রফিকুল হক।